

নর্থ সাউথ ভাস্টিতে নবীনবরণ

শনিবার নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় (এনএসইউ) ক্যাম্পাসে অনুষ্ঠিত হলো ফল ২০১৮ সেমিস্টারের নতুন শিক্ষার্থীদের নবীনবরণ। শিক্ষা জীবনের অতি গুরুত্বপূর্ণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায় শেষে উচ্চশিক্ষার প্রারম্ভে বিশ্ববিদ্যালয় পর্যায়ে পরিচিতি অনুষ্ঠানে অংশ নেয় নবীন শিক্ষার্থীরা। চারটি অনুষ্ঠানের ১৬ বিভাগে স্নাতক (সম্মান) কোর্সে ভর্তি হওয়া নতুন শিক্ষার্থীদের বরণ করে নেয়া হয় অনুষ্ঠানে। নতুন ভর্তি হওয়া শিক্ষার্থীর মধ্যে ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাস্থান অর্জনকারী ২২ শিক্ষার্থীকে টিউশন ফি'র উপর ১০০% পর্যন্ত বৃত্তি প্রদান করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমাম এবং বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এম এ হাসেম। প্রধান অতিথির বক্তব্যে এইচ টি ইমাম নবাগত শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, তোমরা বাংলাদেশেই বিশ্বমানের শিক্ষায় শিক্ষিত হয়ে দেশের মুখ উজ্জ্বল করবে এটাই আমার বিশ্বাস।

উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম বলেন, আধ্যাতিক ও আন্তর্জাতিক মানের লেখাপড়ার সব আয়োজন নিয়ে এ বিশ্ববিদ্যালয় প্রস্তুত আছে। তোমাদের মনোযোগ আর ইচ্ছাই পারে তার সম্মতিহার করতে। এসময় উপস্থিতি ছিলেন ট্রাস্টি বোর্ডের সদস্য এম. এ. কাশেম, মোহাম্মদ শাহজাহান, ইয়াসমিন কামাল এবং রেহানা রহমান। -বিজ্ঞপ্তি

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়।
সম্পাদক কর্তৃক গ্লোব জনকন্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকন্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি.এ ৭৯৬।

কার্যালয়: জনকন্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সাটন,
জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩০৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকন্ঠ: www.edailyjanakantha.com

Copyright © All rights reserved by dailyjanakantha.com